# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৬১৩৬

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَابِ مَنَاقِبِ أَهْلِ)

---

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: خَرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ غَدَاةً وَعَلَيْهِ مِرْطٌ مُرَحَّلٌ مِنْ شَعْرٍ أَسْوَدَ فَجَاءَ الْحَسَنُ بْنُ عَلِيٍّ فَأَدْخَلَهُ ثُمَّ جَاءَ الْحُسَيْنُ فَدَخَلَ مَعَهُ ثُمَّ جَاءَتْ فَاطِمَةُ فَأَدْخَلَهَا ثُمَّ جَاءَ عَلِيٌّ فَأَدْخَلَهُ ثُمَّ قَالَ: [إِنَّمَا يُرِيدُ اللَّهُ لِيُذْهِبَ عَنْكُمُ الرِّجْسَ أهل الْبَيْت وَيُطَهِّرَكُمْ تَطْهِيرا] رَوَاهُ مُسلم

رواه مسلم (61 / 2424)، (6261) ـ

(صَحِيح)

বাংলা

৬১৩৬-[২] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন সকালে নবী (সা.)- একখানা কালো রঙের পশমি নকশী কম্বল গায়ে দিয়ে বের হলেন। এমন সময় হাসান ইবনু ’আলী সেখানে আসলেন, তিনি (সা.) তাঁকে কম্বলের ভিতরে ঢুকিয়ে নিলেন। তারপর হুসায়ন আসলেন, তাঁকেও হাসান-এর সাথে প্রবেশ করিয়ে নিলেন। তারপর ’আলী আসলেন, তাঁকেও তার ভিতরে প্রবেশ করিয়ে নিলেন। অতঃপর তিনি (সা.) বললেন- “হে আমার আহলে বায়ত! আল্লাহ তা’আলা তোমাদের গুনাহের অপবিত্রতা হতে সম্পূর্ণরূপে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে চান”- (সূরা আল আহযাব ৩৩: ৩৩)। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ৬১-(২৪২৪), তিরমিযী ৩৭৮৭, মুসনাদে আহমাদ ২৫৩৩৪, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩২১০২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২৯৭২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম আযহারী (রহিমাহুল্লাহ) বলেন,(رِجْسَ) 'রিযসা' দ্বারা উদ্দেশ্য হলো প্রত্যেক ঘৃণিত কাজ। কেউ কেউ বলেন, অন্তরের সন্দেহ। এর শাব্দিক অর্থ নোংরা কাজ, পঙ্কিলতা। এভাবে পাপকর্ম বা পাপের পঙ্কিলতাকে বুঝানো হয়েছে।
অনেকে বলেন, এর অর্থ শাস্তি। (শারহুন নাবাবী হা. ২৪২৫)
‘আল্লামাহ্ ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, (ذَنْبٌ) শব্দের ভাষার অলঙ্কার করে (رِجْسٌ) শব্দ বলা হয়েছে।
মুল্লা আলী ক্বারী হানাফী (রহিমাহুল্লাহ) বলেন, নবী (সা.) -এর স্ত্রীগণ আহলে বায়তের মধ্যে শামিল হবেন আল্লাহর এই বাণীর মাধ্যমে। তিনি বলেন, (يٰنِسَآءَ النَّبِيِّ لَسْتُنَّ كَاَحَدٍ مِّنَ النِّسَآءِ) “হে নবীর স্ত্রীগণ! তোমরা অন্য কোন স্ত্রীদের মতো নও..”- (সূরা আল আহযাব ৩৩: ৩২)। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86112

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন